উত্তেজনা বাড়িয়ে উপসাগরীয় অঞ্চলে আরও যুদ্ধজাহাজ পাঠাচ্ছে যুক্তরাজ্য

উত্তেজনা বাড়িয়ে পারস্য উপসাগরীয় অঞ্চলে নতুন করে আরও একটি যুদ্ধজাহাজ পাঠাচ্ছে যুক্তরাজ্য। ইরানের সঙ্গে পশ্চিমা দেশগুলোর কূটনৈতিক টানাপোড়েনের মধ্যেই এমন সিদ্ধান নিল দেশটি।

এ ব্যাপারে শনিবার যুক্তরাজ্যের প্রতিরক্ষামন্ত্রী বেন ওয়ালেস বলেন, বিশ্বের যেখানেই লাল নিশান উড়বে (যুক্তরাজ্যের পতাকা), সেখানেই নৌচলাচলের স্বাধীনতা সুরক্ষায় দাঁড়াবে যুক্তরাজ্য। অবাধ নৌ-চলাচল নিশ্চিত করতেই নতুন এ রণতরী পাঠানো হচ্ছে বলে জানান তিনি।
বৃটিশ নৌবাহিনী জানায়, ১২ আগস্ট এইচএমএস ডানকান নামের রণতরীটি যুক্তরাজ্য থেকে পারস্য উপসাগর অভিমুখে রওনা দিয়েছে।